

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৬৩

আগরতলা, ০২ নভেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে সম্প্রতি জিলা পরিষদের অর্থবিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন অর্থবিষয়ক স্থায়ী কমিটির সদস্য সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় জানানো হয় অর্থবিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্ত অনুসারে চলতি অর্থবছরে জিরানীয়া ব্লকের উত্তর মজলিশপুর গ্রামপঞ্চায়েতের রাণীর গাঁও দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে একটি ওয়াটার পিওরিফায়ার ফিলটার নির্মাণের জন্য জিলা পরিষদের পঞ্চদশ অর্থকমিশনের টাইড ফান্ড থেকে ২ লক্ষ ১৫ হাজার ৬৭৩ টাকা দেওয়া হবে। পঞ্চদশ অর্থকমিশনের আনটাইড ফান্ড থেকে বামুটিয়া ব্লকের সিঙ্গারবিল পঞ্চায়েতের কানাইকর পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি নতুন করে নির্মাণ করার জন্য ৭ লক্ষ ৯২ হাজার ১৯২ টাকা, উত্তর লেনুছড়া গ্রাম পঞ্চায়েতের মণিপুরী পাড়াতে স্বসহায়ক দলের জন্য একটি ট্রেনিং সেন্টার নির্মাণের জন্যও ৪ লক্ষ ১৩ হাজার ৪৬১ টাকা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। বামুটিয়া ব্লকের পটুনগর গ্রাম পঞ্চায়েতের দেবনাথ পাড়া কালীমন্দিরের পাশে একটি মুক্তমঞ্চ নির্মাণ করার জন্যও এই আনটাইড ফান্ড থেকে ৪ লক্ষ ৯৮ হাজার ৩৭৮ টাকা ব্যয় করার সিদ্ধান্তও নেওয়া হয়। ডুকলি ব্লকের বল্পভপুর পঞ্চায়েতে গড়িয়া মঠ মন্দিরের পাশে জিলা পরিষদের পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ড থেকে একটি কমিউনিটি টয়লেট নির্মাণের সিদ্ধান্তও সভায় নেওয়া হয়।

প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা ও অটল পেনশন যোজনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিসংখ্যান দপ্তরের প্রতিনিধি জানান, ন্যাশনাল সেম্পল সার্ভে ৭৯তম পর্যায়ের ৪টি রাউন্ডই গত অক্টোবর মাসে শেষ করা হয়েছে। বর্তমানে পুরো এক বছরের কাজের ডাটা এন্ট্রির কাজ চলছে। সার্ভের ৭৯ তম পর্যায়ে শিক্ষা, স্বাস্থ্য ও আয়ুষের ব্যবহার নিয়ে পশ্চিম জেলার ৭৬টি গ্রামে সার্ভে করা হয়েছে।
